**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**11 October 2025** **7:45 PM**

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আজ নতুন দিল্লীতে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রের ৪২ হাজার কোটির অধিক টাকা ব্যায় সাপেক্ষে বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন ।

২) আসাম পুলিশের কনেষ্টবল পরীক্ষার ফল ঘোষিত । স্বাস্থ্য বিভাগের অধীনে শূন্য ৩ হাজার ৬শো ৯৮টি পদের জন্য অনুষ্ঠিত নিযুক্তি পরীক্ষার ফলাফল আগামীকাল ঘোষণা ।

৩) বরাক উপত্যকার সড়ক প্রকল্পগুলি আগামী বছরের মার্চ মাসের মধ্যে সম্পূর্ণ করতে মন্ত্রী কৌশিক রাইয়ের সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ ।

৪) শিলচরে আজ থেকে আসাম সাহিত্য সভার দুদিনব্যাপী তৃতীয় পূর্ণাঙ্গ অধিবেশন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লীতে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রের ৪২ হাজার কোটির অধিক টাকা ব্যায়

সাপেক্ষে বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করেন । ভারতীয় কৃষি গবেষণা প্রতিষ্ঠান আয়োজিত এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী মোদী ৩৫ হাজার কোটির অধিক টাকা ব্যায়ে প্রধানমন্ত্রী ধনধান্য কৃষি প্রকল্পের উদ্বোধন করেন । কৃষি উৎপাদন বৃদ্ধি  সহ বিভিন্ন শষ্যের চাষ এবং বহণযোগ্য কৃষি পদ্ধতির প্রসার , জলসেচ ব্যবস্থার উন্নয়ন তথা দেশের বাছাই করা ১০০টি জেলায় দীর্ঘমেয়াদী ও স্বল্পকালীন ঋণ স্বাভাবিক করে তোলার উদ্দেশ্যে এই প্রকল্পের সূচনা করা হয়েছে  এদিকে  ১১  হাজার  ৪শো  ৪০কোটি টাকা ব্যায় সাপেক্ষে উদ্বোধন করা ডাল জাতীয় উৎপাদন আত্মনির্ভরশীলতা অভিযানের মাধ্যমে বিভিন্ন ডাল জাতীয় শষ্যের উৎপাদন বৃদ্ধি , কালাই জাতীয় শষ্যের চাষ করা জমির সম্প্রসারণ , মূল্য নির্ধারণের সুদৃঢ়করণ , ক্রয় , মজুতকরণ এবং লোকসানের মাত্রা হ্রাস করার লক্ষ্য গ্রহণ করা হয়েছে । অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কৃষি , পশুপালন , মৎস এবং খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রের ৫ হাজার ৪শো ৫০ কোটির অধিক টাকার বেশ কয়েকটি প্রকল্প জাতীর উদ্দেশ্যে উৎসর্গ করেন । এছাড়াও শ্রী মোদী প্রায় ৮শো ১৫ কোটি টাকা ব্যায় সাপেক্ষে কয়েকটি অতিরিক্ত প্রকল্পের ভিত্তিপ্রস্থর স্থাপন করেন ।

এই উপলক্ষে আয়োজিত এক সমাবেশে অংশ নিয়ে শ্রী মোদী ধন ধান্য কৃষি যোজনা এবং ডাল উৎপাদনে আত্মনির্ভরশীলতা অভিযান দেশের লক্ষ লক্ষ কৃষকের ভাগ্য পরিবর্তন করতে সক্ষম হবে বলে তিনি মন্তব্য করেন । তিনি বলেন যে একবিংশ শতাব্দীতে ভারতের উন্নয়ন সুনিশ্চিত করতে হবে এবং এর জন্য কৃষি ব্যবস্থার সংস্কার একটি জরূরী পদক্ষেপ । ২০১৪ সালে ভারতের কৃষি ব্যবস্থার সংস্কার শুরু হয়েছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

---

প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনার উদ্বোধনের সঙ্গে সঙ্গতি রেখে আজ শ্রীভূমি কৃষি বিজ্ঞান কেন্দ্র প্রাঙ্গণে একটি ওয়েবকাষ্টিং অনুষ্ঠানের আয়োজন করা হয় । নতুনভাবে চালু হওয়া কেন্দ্রীয় এই কৃষি উদ্যোগের সুফল কৃষক

, কৃষি সম্প্রসারণ কর্মী ও অন্যান্যদের মধ্যে প্রচার করার উদ্দশ্যেই এই ওয়েবকাষ্টিং অনুষ্ঠানের আয়োজন করা হয় । শ্রীভূমি জেলার অতিরিক্ত আয়ুক্ত নিলোৎপল পাঠক মূখ্য অতিথি হিসেবে অনুষ্ঠানে অংশ গ্রহণ করে বলেন যে এই প্রকল্প কৃষকদের ক্ষমতায়ন ,গ্রামীন অর্থনীতির রূপান্তর ও দেশের কৃষিভিত্তিক পরিকাঠামোকে আরো শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ।

শ্রীভূমি জেলা আয়ুক্ত কার্যালয়ের সভাকক্ষেও আজ বেলা ১১টায় প্রধানমন্ত্রীর ধন ধান্য কৃষি যোজনার জাতীয় উদ্বোধনী অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করা হয় । এতে কৃষি বিজ্ঞানী সহ বিভিন্ন বিভাগের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---

আসাম পুলিশের কনেষ্টবল পরীক্ষার ফল ঘোষণা করা হয়েছে । গৌহাটি হাইকোর্ট কনষ্টেবল পদের ওপর থেকে স্থগিতাদেশ প্রত্যহার করে নেওয়ার পর আজ ৫ হাজার ৬শো ১৪টি পদের ফল ঘোষণা করা হয়েছে । রাজ্য দুর্যোগ মোকাবিলা বাহিনীর নিযুক্তি পরিষদের আনুষ্ঠানিক ওয়েবসাইট SLPRB ASSAM.IN এ এই পরিক্ষার ফল আপলোড করা হয়েছে ।

এদিকে রাজ্য পর্যায়ের নিযুক্তি বোর্ড গতকাল ৭ হাজার ৬শো ৫০টি তৃতীয় শ্রেণীর পদের জন্য অনুষ্ঠিত পরীক্ষার ফল ঘোষণা করেছে । এই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ৫০টি বিভাগে নিযুক্তি লাভ করবেন । এর মধ্যে কৃষি বিভাগে সর্বাধিক ১ হাজার ৮শো ৫০টি , পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগে ৮শো ৭৩টি এবং বিদ্যালয় শিক্ষা বিভাগে ৫শো ৮১টি পদ রয়েছে । তৃতীয় শ্রেণীর পদের ফল এবং আসাম পুলিশের ৬শো ২৫টি পদের ফলাফল গতকাল ঘোষণা করা হয়েছে ।

এদিকে স্বাস্থ্য বিভাগের অধীনে শূন্য ৩ হাজার ৬শো ৯৮টি পদের জন্য অনুষ্ঠিত নিযুক্তি পরীক্ষার ফলাফল আগামীকাল ঘোষণা করা হবে বলে জানানো হয়েছে । চিকিৎসা শিক্ষা সঞ্চালকালয় , স্বাস্থ্য সেবা

সঞ্চালকালয় এবং আয়ুষ সহ স্বাস্থ্য বিভাগের অধীন এই পদ সমূহের ফলাফল স্বচ্ছ নিযুক্তির একটি মাইল ফলক বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা মত প্রকাশ করেছেন।

---

রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই গতকাল কাছাড় জেলার আয়ুক্তের কার্যালয়ে অনুষ্ঠিত এক গুরুত্বপূর্ন বৈঠকে আগামী বছরের মার্চ মাসের মধ্যে এ অঞ্চলের গুরুত্বপূর্ন সড়ক প্রকল্পগুলি সম্পূর্ন করতে নির্দেশ দিয়েছেন । মন্ত্রী এন এইচ আই ডি সি এলকে নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজ সম্পূর্ন করতে নির্দেশ দেন ।বৈঠকে বরাপানী- পাচগ্রাম একস্প্রেস ওয়ে , শিলচর - চুড়াইবারী , শিলচর জিরিবাম , শিলচর বাইপাস সহ বেশ কয়েকটি প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা করা হয় । এছাড়া শ্রী রাই কেপিটেল পয়েন্ট থেকে সোনাই রোড পর্যন্ত সড়ক মেরামতির কাজ শীঘ্র আরম্ভ করতে নির্দেশ দেন ।

---

শ্রীভূমি জেলা কংগ্রেস কমিটির উদ্যোগে আজ রাজ্যের প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী তরুণ গগৈর ৯১তম জন্মবার্ষিকী উপলক্ষে এক স্মরণ সভার আয়োজন করা হয় । এই উপলক্ষে জেলা কংগ্রেস সভাপতি তাপস পুরকায়স্থের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় প্রয়াত মুখ্যমন্ত্রীর প্রতিমূর্তিতে পুষ্পার্ঘ অর্পন করা হয় । পরে বিভিন্ন বক্তা প্রয়াত মুখ্যমন্ত্রীর সফল নেতৃত্বে আসামের সর্বাঙ্গিন বিকাশ এবং দরিদ্র জনসাধারণের সামগ্রিক উন্নয়নের অবদানের ওপর আলোকপাত করে বক্তব্য রাখেন । অনুষ্ঠানে শ্রীভূমি জেলা কংগ্রেস কমিটির বিভিন্ন স্তরের কর্মীরা উপস্থিত ছিলেন ।

---

আসাম সাহিত্য সভার ২০২৫-২৭ সালের তৃতীয় কার্যনির্বাহকের পূর্ণাংগ অধিবেশন আজ থেকে দুদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে শিলচরে শুরু হয়েছে ।কাছাড় জেলা সাহিত্য সভার সভাপতি ড: যোগেশ্বর বর্মন পতাকা উত্তোলনের মাধ্যমে সকালে এই কার্যসূচীর সূচণা করেন ।পরে আসামের বিভিন্ন প্রান্ত থেকে আসা সভার আধিকারিক ও কার্যর্বিাহক সদস্যদের নাম পঞ্জীয়নের পর রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক অধিবেশনের উদ্বোধন করেন । এর আগে মঞ্চে বিশিষ্ট অতিথিরা ভারত রত্ন ড: ভূপেন হাজারিকা , লোক সংগীত শিল্পী কালিকা প্রসাদ ভট্টাচার্য ও বিশিষ্ট শিল্পী জুবিন গার্গের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।

আসাম সাহিত্য সভার সভাপতি ড: বসন্ত কুমার গোস্বামীর পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় বরাক বৈবভ শীর্ষক স্মৃতিগ্রন্থ , আসাম সাহিত্য সভার পত্রিকা প্রকাশ করা হয় ।বরাক বৈবভ স্মৃতিগ্রন্থের মুখ্য সম্পাদক হচ্ছেন কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাত্তো । স্মৃতিগ্রন্থটি প্রকাশের সময় উপস্থিত ছিলেন সম্পানা সমিতির মুখ্য উপদেষ্টা , শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী , আসাম সাহিত্য সভার উপসভাপতি পদুম রাজখোয়া প্রমুখ ।

আজকের সভায় শিলচর , শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায় চন্দ্রকান্ত সন্দিকৈ ভবন নির্মাণ সহ সীমা সমস্যার সমাধান , টকলাই চা বগান গবেষনা কেন্দ্রের উন্নীতকরণে সরকারের হস্তক্ষেপ সহ বেশ কিছু প্রস্তাব গ্রহন করা হয় ।

এদিকে মন্ত্রী তথা অভ্যর্তনা সমিতির কার্যকরী সভাপতি শ্রী রাই তার ভাষনে এই অধিবশন আয়োজনের মাধ্যমে বরাক ও ব্রক্ষ্মপুত্র উপত্যকার মধ্যে পারস্পরিক সম্পর্ক আরো সুদৃঢ হবে বলে মন্তব্য করেন । শ্রী রাই আরো বলেন ।

**বাইট**

---

হাইলাকান্দি জেলার দ্বিতীয় বিধানসভা ভিত্তিক মেগা স্বাস্থ্য মেলা আগামী ১৫ ই অক্টোবর আলগাপুরের বারনগদ গার্লস হাইস্কুল প্রাংগনে অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই স্বাস্থ্য মেলার মূল উদ্দেশ্য হলো জেলার শূন্য থেকে ১৮ বছর বয়সী শিশুদের নানা শারীরিক সমস্যার শনাক্তকরণ , ও চিকিৎসা সেবা প্রদান । এতে লিভার , কিডনি , জন্মগত , স্নায়বিক ইত্যাদি সহ মোট ৫৯ ধরণের রোগ চিহ্নিত করে চিকিৎসা সেবা প্রদান করা হবে । প্রথম পর্যায়ে বিভিন্ন বিধানসভাভিত্তিক স্ক্রিনিং শিবির , দ্বিতীয় পর্যায়ে নভেম্বর মাসে মেডিকেল কলেজে রোগ নিশ্চিতকরণ ,এবং তৃতীয় পর্যায়ে ডিসেম্বর মাসে উপযুক্ত চিকিৎসা রাজ্য বা প্রয়োজনে রাজ্যের বাইরে যেকোনো অনুমোদিত হাসপাতালে করা হবে ।শিবিরে যে সব শিশুর উন্নত চিকিৎসার প্রয়োজন মনে হবে তাদের তথ্য ও লাইভ ফটোগ্রাফ জেলা পোর্টালে অর্ন্তভূক্ত করা হবে । উল্লেখ্য জেলার প্রথম বিধানসভা ভিত্তিক স্বাস্থ্য শিবির কাটলীছড়ায় গত ২৩ শে সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়েছিল ।শিবিরে জেলা আয়ুক্ত অভিষেক জৈন , বিধায়ক জাকির হুসেন লস্কর প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি মিউনিসিপাল বোর্ড ও আসাম স্টেট আরবান লাইভিহুডস মিশনের যৌথ উদ্যোগে গতকাল হাইলাকন্দি পুরসভা প্রাংগনে লোক কল্যাণ মেলা অনুষ্ঠিত হয় ।এই মেলার মূল উদ্দেশ্যে ছিল শহরে থাকা দরিদ্র ও ক্ষুদ্র ব্যবসায়ী শ্রেণীর মানুষদের সরকারী কল্যাণমুলক প্রকল্পের আওতায় এনে তাদের আর্থিক ও সামাজিক

সুরক্ষার ব্যবস্থা নিশ্চিত করা ।অনুষ্ঠানে সিটি প্রজেক্ট ম্যানেজার সহ ষ্টেট ব্যাংক , ইউনিয়ন ব্যাংক , আসাম গ্রামীন বিকাশ ব্যাংক সহ আরো কয়েকটি ব্যাংকের কর্মী  আধিকারিকরা উপস্থিত ছিলেন । ব্যাংকের কর্মীরা গ্রাহকদের সংগে সরাসরি আলোচনা করে ঋণ সম্পর্কিত প্রক্রিয়া সম্পন্ন করেন এবং প্রকল্পের সুবিধা বিস্তারিতভাবে তাদের জানান ।এই মেলায় ২৫ জন ক্ষুদ্র সড়ক ব্যবসায়ীকে পি এম স্বনিধি প্রকল্পের অধীনে মোট ১১ লক্ষ টাকার ঋণ মঞ্জুরী পত্র প্রদান করা হয় ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত সিনিয়র ডিভিশন লিগ কাম নকআউট ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয়  সেমিফাইনালের আজকের খেলায় নারায়নপুর ইয়ংষ্টার ক্লাব জয়ী হয়েছে । আজ হাইলাকান্দি নেতাজী সুভাষ চন্দ্র বোস ষ্টেডিয়ামে অনুষ্ঠিত সেমিফাইনাল ম্যাচে ইয়ংষ্টার ক্লাব চার শূন্য গোলের ব্যবধানে চন্দ্রপুর এফ সি দলকে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেছে ।

---